



ফরম-ক

(ধারা ৪ এর (১) নম্বর উপ-বিধি দৃষ্টব্য)

এল এ মামলা নম্বর ০২/১৯-২০

তারিখ: ৫/১১/২০২০

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার বলদি মৌজায় “ মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট ” নির্মাণ শীর্ষক প্রকল্প স্থাপনের জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থ মূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষুণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪(১) ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারী করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারীর ১৫ (পনের) দিনের মধ্যে প্রস্তাবিত অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করতে পারিবেন।

২৫/১১/২০২০ তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তি মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হলো।

তফসিলঃ

জেলা-সিলেট	উপজেলা- দক্ষিণ সুরমা	মৌজা - বলদি	জেএল নম্বর-১২৫		
ক্রমিক নম্বর	এস এ দাগ নম্বর	এস এ খতিয়ান নম্বর	জমির শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একরে)	প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)
০১	২৩৯১ অংশ	৭৫২	আমন	০.৬৫	০.১১
০২	২৩৯২ অংশ	৭৩৯	আমন	১.২০	০.১৬
০৩	২৩৯৩ পূর্ণ	৮৬২	আমন	০.৩৬	০.৩৬
০৪	২৩৯৪ পূর্ণ	৮৬১	আমন	০.২৩	০.২৩
০৫	২৩৯৫ অংশ	৭৫৩	আমন	০.১২	০.০৭
০৬	২৩৯৬ অংশ	৮৬০	আমন	০.২১	০.১০
০৭	২৩৯৭ অংশ	৮৩৯	ডোবা	০.২১	০.১১
০৮	২৪০০ অংশ	৮৪৯	আমন	০.০৮	০.০৫
০৯	২৪০১ পূর্ণ	৮৪৪	আমন	০.১৯	০.১৯
১০	২৪০২ পূর্ণ	৮৫০	আমন	০.৩১	০.৩১
১১	২৪০৩ পূর্ণ	৮৪২	আমন	০.২৯	০.২৯
১২	২৪০৪ অংশ	৮৪৭	আমন	০.৬৫	০.৫২
১৩	২৪০৫ অংশ	৭৩৯	আমন	০.৩৫	০.১৩
১৪	২৪০৯ অংশ	৭৫৩	আমন	০.১৩	০.০৪
১৫	২৪১০ অংশ	৭৪০	আমন	০.৩০	০.০৬
১৬	২৪২০ অংশ	৮৪২	আমন	০.৪৪	০.৩৫
১৭	২৪২২ পূর্ণ	৮৪৩	আমন	০.৩৫	০.৩৫
				মোট	৩.৪১ একর

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/ স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য

১। উল্লেখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/ দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুত পূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণ পূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/ মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হবে।


৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.sylhet.gov.bd ভিজিট করুন।


মোঃ জামাল উদ্দিন
সার্ভেয়ার
এল,এ শাখা, সিলেট


মোঃ ইকবাল হোসেন
সার্ভেয়ার
এল,এ শাখা, সিলেট


মলয় কর
কানুনগো
এল,এ শাখা, সিলেট


০২/১১/২০২০
জেলা প্রশাসক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
মোঃ আশরাফুল হক
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
সিলেট।